# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১৮৯২

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩৭. উমরাহকে হজ্জের মধ্যে প্রবেশ করানো সম্পর্কে

بَاب فِي فَسْخِ الْحَجِّ

### আরবী

أَخْبَرَنَا نُعَيْمُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ عَنْ بِلَالِ بْنِ الْحَارِثِ عَنْ أَبِيهِ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ فَسْخُ الْحَجِّ لَنَا خَاصَّةً أَمْ لِمَنْ بَعْدَنَا قَالَ بَلْ لَنَا خَاصَّةً

### বাংলা

১৮৯২. বিলাল ইবনুল হারিস (রহঃ) থেকে তাঁর পিতার সূত্রে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ্! হজ্জের ইহরাম বাঁধার পর তা উমরায় পরিবর্তন করার সুযোগ কি কেবল আমাদের জন্য, নাকি তা আমাদের পরবর্তী লোকেরাও করতে পারবে? তিনি বলেন: “বরং তা বিশেষভাবে আমাদেরই জন্য।”[1]

### ফুটনোট

[1]তাহক্বীক্ব: এর সনদ সম্পর্কে ইমাম আহমাদ বলেন: এর সনদ মা’রুফ (পরিচিত) নয়।’ ফলে এ হাদীসটি মুনকার।

তাখরীজ: আবূ দাউদ, মানাসিক১৮০৮; আহমাদ৩/৪৬৯; তাবারাণী, আল কাবীর ১/৩৭০নং১১৩৮; হাকিম৩/৫১৭; নাসাঈ, কুবরানং৩৭৯০; ইবনু আব্দুল বারর, আত তামহীদ ৮/৩৫৭।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বিলাল ইবনু হারিস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82175

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন